



যুক্তরাষ্ট্রের সর্বোচ্চ বেসামরিক সম্মাননা কংগ্রেসনাল গোল্ড মেডেল হাতে হাস্যোঙ্কল ড. মুহাম্মদ ইউনুস-এএফপি

# যুক্তরাষ্ট্র কংগ্রেসের স্বর্ণপদক নিলেন মুহাম্মদ ইউনুস

যাযাদি রিপোর্ট

যুক্তরাষ্ট্রের সর্বোচ্চ বেসামরিক সম্মাননা কংগ্রেসনাল গোল্ড মেডেল গ্রহণ করেছেন নোবেলজয়ী ড. মুহাম্মদ ইউনুস। দারিদ্র্যের বিরুদ্ধে যুদ্ধে অবদানের স্বীকৃতি হিসেবে যুক্তরাষ্ট্র সরকারের পক্ষ থেকে এই সম্মাননা দেয়া হলো ইউনুসকে, যিনি এই পদক পাওয়া প্রথম বাংলাদেশি ও মুসলিম। যুক্তরাষ্ট্রের কংগ্রেসের উভয় কক্ষের বীর্ষ নেতাদের উপস্থিতিতে বুধবার ওয়াশিংটনের ক্যাপিটল ভবনের রেটোরায় গ্রামীণ ব্যাংকের সাবেক এই ব্যবস্থাপনা পরিচালকের হাতে সম্মাননা তুলে দেন প্রতিনিধি পরিষদের স্পিকার জন বোয়নার।

কংগ্রেসের ডেনোভ্যাট নেতা ন্যান্সি পেলেসিও এ অনুষ্ঠানে অংশ নেন। পরে কংগ্রেসের বীর্ষ অধিবেশনে বক্তব্য দেন ইউনুস।

জন বোয়নার বলেন, ড. ইউনুস মানুষকে দারিদ্র্য থেকে মুক্ত করতে কাজ করে

সলেছেন, যার চেয়ে বড় কাজ আর হয় না। নিউজার্সির কংগ্রেস সদস্য রাস হুট বলেন, অর্থনীতি নিয়ে আমাদের অনেকের ধারণাই ভুল প্রমাণ করে দিয়েছেন ইউনুস। সম্মাননা গ্রহণ করে দৃশ্যত অববেগাধৃত ইউনুস জানান, তিনি প্রথমবার ক্যাপিটলে এসেছিলেন ১৯৭১ সালে স্বাধীনতা যুদ্ধের সময় বাংলাদেশের পক্ষে সমর্থন আদায়ের জন্য। ওই সময় তিনি মিজল টেনেসি স্টেট বিশ্ববিদ্যালয়ে শিক্ষক ছিলেন।

কংগ্রেসনাল গোল্ড মেডেল দেয়ায় কংগ্রেসকে ধন্যবাদ জানিয়ে তিনি বলেন, এই সম্মাননা তার ক্ষুদ্রত্বের স্বীকৃতি। তিনি বলেন, 'কেবল আমার জন্য নয়, এই সম্মাননা সেন্সব নারীদের জন্য, যারা কঠোর পরিশ্রমের মাধ্যমে আপনাদের বোঝাতে পেরেছেন যে, অনুমান নয়, প্রয়োজনীয় প্রাতিষ্ঠানিক আর্থিক সহায়তা পেলে ভাঙ্গাও ফিরির্ভ হতে পারেন।'

পরে তিনি বলেন, 'সবাই আমার কাছে অকৃষ্ট সমর্থন নিয়েছেন বলেই ক্ষুদ্রত্বের ধারণাটি আজ বিশ্বব্যাপী সমাদৃত। আমি এ সম্মান বাংলাদেশের ১৬ কোটি মানুষের জন্য উৎসর্গ করলাম।'

জন বোয়নার অনুষ্ঠানে জানান, মুহাম্মদ ইউনুস হলেন বিশ্বের সত্তম ব্যক্তি, যিনি শান্তিতে নোবেল পুরস্কারের পাশাপাশি যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্সিয়াল মেডেল অব ফ্রিডম এবং কংগ্রেসনাল গোল্ড মেডেল পেয়েছেন।

স্পিকার জানান, ইউনুসের অনুরোধে এবার মেডেলের নকশায় পরিবর্তন আনা হয়েছে। মেডেলের এক পিঠে বাংলায় লেখা হয়েছে- 'আমরা দারিদ্র্যকে জাদুঘরে পাঠাব'। ক্ষুদ্রত্ব কর্মসূচির মধ্য দিয়ে দারিদ্র্য বিনোদনে কাজ করায় গ্রামীণ ব্যাংক ও এর প্রতিষ্ঠাকালীন ব্যবস্থাপনা পরিচালক ইউনুসকে ২০০৬ সালে শান্তিতে নোবেল পুরস্কার দেয়া হয়। একই কারণে ২০০৯ সালে যুক্তরাষ্ট্রের 'প্রেসিডেন্সিয়াল মেডেল অব ফ্রিডম' পান ড. মুহাম্মদ ইউনুস। এবার পেলেসিও

তিনিই এই পদক পাওয়া প্রথম  
বাংলাদেশি ও মুসলিম

'কংগ্রেসনাল গোল্ড মেডেল'। ইউনুসের আগে নরম্যান বারনগ, মার্টিন লুথার কিং জুনিয়র, নেলসন ম্যান্ডেলা,

ইলি উইসেল, অং সান সু চি এবং নাদার তেরেসা এই তিনটি পুরস্কার পেয়েছেন।

বয়সসীমা অতিক্রান্ত হওয়ার কারণ দেখিয়ে ২০১১ সালে গ্রামীণ ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালকের পদ থেকে ইউনুসকে অব্যাহতি দেয় বাংলাদেশ ব্যাংক। এর বিরুদ্ধে আইনি লড়াই চালিয়েও হেরে যান ইউনুস। ওয়াশিংটনের অনুষ্ঠানে ক্ষুদ্রত্ব ও ইউনুসের ভূমিকার উল্লেখিত প্রশংসা করলেও যুক্তরাষ্ট্রের কংগ্রেস নেতারা কেউ গ্রামীণ ব্যাংকের নাম উল্লেখ করেননি। গ্রামীণ ব্যাংক থেকে ইউনুসকে অব্যাহতি দেয়ার প্রসঙ্গটিও ওঠেনি।

অনুষ্ঠানে ইউনুসের মেয়ে যুক্তরাষ্ট্রের অপরোধিত্রী মনিকা ইউনুস 'বিউটিফুল ডিমার' গানটি পরিবেশন করেন। ইউনুসের পরিবারের সদস্যসহ জাতিসংঘের আডার সেক্রেটারি জেনারেল আমির হুজ, যুক্তরাষ্ট্র বাংলাদেশের রাষ্ট্রদূত আকরামুল কাদের, এফবিসিসিআইয়ের সাবেক সভাপতি আবদুল আউয়াল মিল্টু এবং যুক্তরাষ্ট্র বঙ্গবন্ধু পরিষদের সভাপতি ড. নূরুলী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।